সংবাদ

তারিখ 08 JAN 2016
পৃষ্ঠা 5 কলাম 2

ড. মাসুম বিল্লাহ কারিগরি কলেজ

# ছাত্রলীগ নামধারীদের হামলা ভাঙচুর, দুই শিক্ষার্থী আহত

প্রতিনিধি, শরণখোলা (বাগেরহাট)

বাগেরহাটের শরণখোলা উপজেলার ড. মাসুম বিল্লাহ ডিএন কারিগরি কলেজে গত বুধবার দুপুরে ছাত্রলীগ নামধারী বহিরাগতরা হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর করেছে ভাঙচুর করেছে। এছাড়া ওই যুবকরা স্থানীয় বাজারের দুটি দোকানেও হামলা চালায় এবং একটি মোটরসাইকেল ভাঙচুর করে। তাদের হামলায় কলেজের একাদশ ও দ্বাদশ শ্রেণির দুই শিক্ষার্থী আহত হয়েছে বলে কলেজ সূত্রে জানা গেছে। কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি মাওলানা ছিদ্দিকুর রহমান জানান, গত মঙ্গলবার উপজেলার খেজুরবাড়িয়া এওলাকায় কলেজের একাদশ শ্রেণির ছাত্র আলামিনের সঙ্গে সাবেক ছাত্র রাজিবের মারামারি হয়। এতে আলামিন আহত হয়ে হাসপাতালে ভর্তি হয়। ঘটনার প্রতিবাদে আলামীনের পক্ষের লোকজন ওইদিন কলেজে মিছিল করতে গেলে আবু তৈয়ব নামের দ্বাদশ শ্রেণির এক ছাত্র তাতে অপাগতা প্রকাশ করে। এ সময় আবু তৈয়বকে তারা মারধর করে। মিছিল করতে না পেরে ক্ষীপ্ত হয়ে পরবর্তীতে জহিরুল ইসলাম বাপ্পী, শেখর, মাসুদ ও রুবেলের নেতৃত্বে ছাত্রলীগ নামধারী ৩০-৪০ জন বহিরাগত যুবক লাঠিসোটা নিয়ে কলেজে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর করে। এ ব্যাপারে উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আকন্দ ইব্রাহীম সুমন ঘটনাটি ন্যাক্কারজনক দাবি করে জানান হামলাকারীরা ছাত্রলীগের কেউ না।